



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৩২৬

তারিখঃ ০৮/০৩/২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্পের মাঠ কর্মকর্তা/কর্মচারীদের জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী বকেয়া প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর আলোকে উন্নয়ন প্রকল্পে কর্মরত জনবলের বেতনভাতা প্রদান এবং অর্থসংকুলান সাপেক্ষে জুলাই/২০১৫ খ্রিঃ হতে বকেয়া পরিশোধের নির্দেশনা রয়েছে। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেও জাতীয় বেতন স্কেল/২০১৫ কার্যকর করা হয়েছে। প্রকল্পভূক্ত উপজেলার সমূহের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করে প্রথম পর্যায়ে প্রকল্পের ৫৯টি উপজেলার মধ্যে ২৫টি উপজেলার কর্মকর্তা ও কর্মচারীদেরকে অত্রদপ্তরের স্মারক নং ৩৪৭৩ ০১/০২/২০১৬ খ্রিঃ মূলে বকেয়া প্রদানের জন্য বলা হয়েছে।

২। সার্বিক দিক বিবেচনা করে প্রকল্পভূক্ত বাকী ৩৪টি উপজেলার কর্মকর্তা ও কর্মচারীদেরকে বকেয়া বেতন প্রদান করার জন্য বলা হলো। তবে যে সকল মাঠ সংগঠকের নিজে বিতরণকৃত ঋণের মধ্যে ২.০০ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে আপাততঃ তারা বকেয়া প্রাপ্য হবেন না। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় হলে বকেয়া প্রদান করা যাবে। যাদের মেয়াদোত্তীর্ণ ঋণ সম্পূর্ণ আদায় হবে না তাদের বকেয়া প্রদানের ক্ষেত্রে প্রকল্প দপ্তরের নির্দেশনা গ্রহন করতে বলা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (বিআরডিবি)  
.....উপজেলা  
.....জেলা

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

- ১। সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), বিআরডিবি,.....উপজেলা.....জেলা।
- ২। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৩। উপ পরিচালক, বিআরডিবি, .....জেলা।
- ৪। উপপরিচালক (প্রশিঃ ও প্রশাঃ)/ (অর্থ ও উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য, বিআরডিবি, ঢাকা।।
- ৬। অফিস নথি/গার্ড ফাইল।